# 2015

## BENGALI

( Elective )

**( Upanyas, Galpa Ebong Natak )**

Paper : 5.2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

ক—বিভাগ, খ—বিভাগ এবং গ—বিভাগ ; তিনটি বিভাগের যে কোনো একটি বিভাগ থেকে প্রশ্নের উত্তর দাও।

### ক—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) বেণী ঘোষালের মায়ের নাম কী?

(খ) রমেশ মধু পালের দোকানে কত টাকা ফেরত দিতে গিয়েছিল?

(গ) রমার ভাই-এর নাম কী?

(ঘ) "তার মত দুঃখিনী বুঝি আর পৃথিবীতে নেই।" 'দুঃখিনী' কে?

(ঙ) রমেশ কোন্ কলেজে পড়াশোনা করেছে?

(চ) নিতাইকে টপ্পা গান কে শিখিয়েছিল?

(ছ) বসন নিতাই কবিয়ালের কী নাম রেখেছিল?

(জ) বসনের মৃত্যুর পর নিতাই কোথায় চলে গিয়েছিল?

(ঝ) নিতাই-এর বাবার পেশা কী ছিল?

(ঞ) নিতাই কার বাড়িতে মাহিন্দারীর কাজ করেছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "কি করে জানব বাছা! ও রাজরাণীর মেজাজ বোঝা কি আমাদের মত দাসী-বাঁদীর কর্ম?" বক্তা কে? 'রাজরাণী'র নাম কী?

(খ) ভজুয়া কে? তার বাড়ি কোথায়?

(গ) "দু-দুটো ভীমরুলের চাকে খোঁচা দেওয়া কি সহজ কথা।" দুটো ভীমরুল বলতে কাদের বোঝানো হয়েছে?

(ঘ) ঝুমুর আসরের টাকা কয় ভাগ হয়? কবিয়াল কয় ভাগ পায়?

(ঙ) "মায়ের মেলায় একরাত্রি গাওনা তোমার বাঁধা বরাদ্দ হইল।" বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) "এই কুঁয়াপুরের বিষয়টা অর্জিত হইবার একটু ইতিহাস আছে।" ইতিহাসটি সংক্ষেপে আলোচনা করো।

(খ) দীনু ভট্টাচার্য চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

(গ) রমেশের পিতৃশ্রাদ্ধে যে গোলমালের সূত্রপাত হয়েছিল তা সংক্ষেপে বর্ণনা করো।

(ঘ) 'কবি' উপন্যাসের বেহালাদার চরিত্র আলোচনা করো।

(ঙ) "গ্রামের ভদ্রজনেরা সত্যিই বলিল—এ একটা বিস্ময়! রীতিমত!" প্রসঙ্গটি বিশদ করো।

(চ) ঝুমুর দলের প্রৌঢ়া মাসির চরিত্র আলোচনা করো।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) "রমার চরিত্রে দ্বৈতরূপ—একদিকে জমিদার কন্যার বৈষয়িক সত্তা আর একদিকে চিরন্তনী নারী সত্তা" —আলোচনা করো।

(খ) 'পল্লীসমাজ' উপন্যাসে পল্লীবাংলার যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

(গ) 'পল্লীসমাজ' উপন্যাসের অপ্রধান চরিত্রগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) 'পল্লীসমাজ' উপন্যাসের গোবিন্দ গাঙ্গুলি চরিত্র আলোচনা করো।

(ঙ) 'কবি' উপন্যাসের নামকরণ যথার্থ হয়েছে কি না আলোচনা করো।

(চ) "ও আমার মনের মানুষ গো।
তোমার লাগি পথের ধারে বান্ধিলাম ঘর।"
তাৎপর্য বিশ্লেষণ করো।

(ছ) 'কবি' উপন্যাস অবলম্বনে নিতাইচরণের জীবনে বসনের ভূমিকা আলোচনা করো।

(জ) 'কবি' উপন্যাসে বাংলার লোকসংস্কৃতির যে পরিচয় রয়েছে তা আলোচনা করো।

## খ—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'গাছ' গল্পের লেখকের নাম কী?

(খ) "সারেঙ শুঁটকি দরগা এ তিন নিয়ে চাটগাঁ।" বক্তা কে?

(গ) সাবিত্রীবালার স্বামীর নাম কী?

(ঘ) "দেখি আবার প্রভু নিজেই রান্নাঘরে ঢুকে হাঁড়ি খাচ্ছেন কি না!" প্রভুটি কে?

(ঙ) আণ্ডাহল্ট স্টেশনে কয়জন সার্ভার কুলি ছিল?

(চ) সঞ্জয়ের বাড়ি কোথায়?

(ছ) উকিলবাবুর গাড়ির নম্বর কত?

(জ) কার জন্মদিনে কেল্লার আঙিনায় রামলীলা গান হত?

(ঝ) "ওদের মধ্যে ঐ একটিমাত্র কালো কেউটে ছিল।"
'কালো কেউটে' কে?

(ঞ) সঞ্জয়ের ভাইঝির বয়স কত?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'গাছ' গল্পে যে দুটি জানলার প্রসঙ্গ রয়েছে, তার রঙ কী?

(খ) সাবিত্রীবালার ছোটো ছেলের নাম কী? সে কী রোগে মারা গিয়েছিল?

(গ) "এই মেয়েটা আমার বাইবেল ও বিজ্ঞান উল্টে দিয়েছে।" বক্তা কে? তিনি কার সম্পর্কে একথা বলেছেন?

(ঘ) "আদর বোঝে না, কথা বোঝে না, শালা লোহার বাচ্চা, নির্জীব ভূত।" বক্তা কে? 'লোহার বাচ্চা' বলতে কাকে বোঝানো হয়েছে?

(ঙ) "এগ্রিকালচার না বাঁচুক, ওয়েলথ্ তো বাঁচছে।" কে, কাকে একথা বলেছেন?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'ভারতবর্ষ' গল্পের মাহাতো বুড়ো চরিত্র আলোচনা করো।

(খ) "গাছ নতুন করে ভয় পেল!" প্রসঙ্গটি বিশদ করো।

(গ) "বেইমান হলে এই রকমই হয় বটে।" বক্তার এরূপ মন্তব্যের কারণ কী, আলোচনা করো।

(ঘ) 'ফসিল' গল্পের মহারাজা চরিত্র আলোচনা করো।

(ঙ) "ওলন্দাজের বাজারের অভিশাপ এসে লাগলো রতনলাল মিলে আর চুরাশী পরগনার আখের ক্ষেতে।" প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(চ) 'গোত্রান্তর' গল্পে রুক্মিণী চরিত্রের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) 'সীমারেখার সীমা' গল্পের ছবি চরিত্র আলোচনা করো।

(খ) 'ভোটার সাবিত্রীবালা' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'সারেঙ' গল্পে সারেঙ ও নাসিমের সম্পর্কটি যেভাবে চিত্রিত হয়েছে তা আলোচনা করো।

(ঘ) 'ভারতবর্ষ' গল্পের নামকরণ যথার্থ হয়েছে কি না তা যুক্তিসহ আলোচনা করো।

(ঙ) 'অযান্ত্রিক' গল্পে মানুষ ও যন্ত্রের যে বিচিত্র সম্পর্ক-কাহিনি বর্ণিত হয়েছে তা লেখো।

(চ) 'চতুর্থ পাণিপাথের যুদ্ধ' গল্পের স্টিফান হোরোর পরিণতি কতটা যুক্তিযুক্ত হয়েছে, আলোচনা করো।

(ছ) 'গোত্রান্তর' গল্পে কার, কীভাবে গোত্রান্তর হয়েছে তা আলোচনা করো।

(জ) 'পরশুরামের কুঠার' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

## গ—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) সোলেমানের বাবার নাম কী?

(খ) 'সাজাহান' নাটকে 'ধনধান্যে পুষ্পে ভরা' গানটি কে গেয়েছে?

(গ) সুজার স্ত্রীর নাম কী?

(ঘ) 'সাজাহান' নাটকে মোট কয়টি গান আছে?

(ঙ) দিলদার কার বিদূষক ছিলেন?

(চ) হাকিমুদ্দির বিবি কয়জন?

(ছ) কুক্‌রার বাবার নাম কী?

(জ) "মুই যাঁও দ্যাওয়ানীর মার কাছে।" 'দ্যাওয়ানী' কে?

(ঝ) রহিমের শহুরে বন্ধুর নাম কী?

(ঞ) সং-এর দলে কে জাম্বুবান সেজেছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) দারার দুই পুত্রের নাম কী?

(খ) "মাছের যদি পাখা থাকতো তাহলে সেত পাখিই হোত।" বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

(গ) "আপনি এই ভারত সাম্রাজ্য পেয়েছেন বটে! কিন্তু তার চেয়ে বড় সাম্রাজ্য আজ হারালেন।" বক্তা কে? 'বড় সাম্রাজ্য' বলতে কী বোঝানো হয়েছে?

(ঘ) মহিমবাবুর পুত্র-কন্যার নাম কী?

(ঙ) ফুলজানের দ্বিতীয়বার বিবাহ কার সঙ্গে ঠিক হয়েছিল? সে কত টাকার বিনিময়ে রাজি হয়েছিল?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'সাজাহান' নাটকের মহম্মদ সুলতান চরিত্র আলোচনা করো।

(খ) "কিন্তু তুমি এত অনুদার, লঘুচিত্ত, উচ্ছৃঙ্খল তা জানতাম না।" দারা সম্পর্কে কাশ্মীররাজের এরূপ উক্তির কারণ কী তা আলোচনা করো।

(গ) "মহামায়া চরিত্রটি জীবন্ত হয়ে উঠতে পারেনি।" মন্তব্যটির যথার্থতা বিচার করো।

(ঘ) "ইমান ঠিক্ থাকলে কোন দিন হাইর হয়ে না।" প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঙ) 'ছেঁড়া তার' নাটকের শ্রীমন্ত চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

(চ) "এইঠে থাকিলে হদীজ খেলাপ হয় বাপে।" ফুলজানের এরূপ মন্তব্যের কারণ কী লেখো।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) 'সাজাহান' নাটকে সম্রাটসত্তা ও পিতৃসত্তা—এই দুয়ের অন্তর্দ্বন্দ্বে সাজাহান চরিত্রে কীভাবে ট্র্যাজেডি সৃষ্টি হয়েছে তা আলোচনা করো।

(খ) 'সাজাহান' নাটক অনুসরণে দারার চারিত্রিক বৈশিষ্ট্যের বর্ণনা দাও।

(গ) 'সাজাহান' নাটকের সঙ্গীত কতটা নাট্যপ্রয়োজন সিদ্ধ করেছে আলোচনা করো।

(ঘ) 'সাজাহান' নাটকের অপ্রধান চরিত্র সৃষ্টিতে নাট্যকারের কৃতিত্ব আলোচনা করো।

(ঙ) 'ছেঁড়া তার' নাটক অনুসরণে ফুলজান চরিত্র আলোচনা করো।

(চ) 'ছেঁড়া তার' নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্ব আলোচনা করো।

(ছ) "মোর যন্তর বাজিলফ না। আল্লা! তার খালি ছিড়ি ছিড়ি গেল।" প্রেক্ষাপট বর্ণনা করে রহিমের এই মন্তব্যের কারণ কী লেখো।

(জ) 'ছেঁড়া তার' নাটকে মন্বন্তর কীভাবে সাধারণ মানুষের জীবন বিপর্যস্ত করেছে তা আলোচনা করো।

★ ★ ★